



মালদ্বীপে 'হিউম্যান হারমনি অ্যাওয়ার্ড' পেলেন ৯ বাংলাদেশি

✍️ প্রবাস ডেস্ক 📍 প্রবাস

🕒 প্রকাশ: ১১ অক্টোবর ২০২৫, ৮:১২ অপরাহ্ন



অতিথিদের সঙ্গে পুরস্কারপ্রাপ্তরা।

এশিয়ান বিজনেস পার্টনারশিপ সামিট আয়োজিত 'হিউম্যান হারমনি অ্যাওয়ার্ড ২০২৫'-এ মানবসম্প্রীতি ও উন্নয়নমূলক কর্মকাণ্ডে অবদানের স্বীকৃতি হিসেবে নয়জন বাংলাদেশি প্রবাসীকে সম্মাননা দেওয়া হয়েছে।

বৃহস্পতিবার (৯ অক্টোবর) রাতে মালদ্বীপের রাজধানী মালেতে ভিলা ইন্টারন্যাশনাল কলেজ অডিটোরিয়ামে আয়োজিত এ অনুষ্ঠানে বাংলাদেশসহ আটটি দেশের মোট ৪০ জন ব্যক্তি এ সম্মাননা পান।

বাংলাদেশি পুরস্কারপ্রাপ্তরা হলেন- সাউথ এশিয়া ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূরুল আলম চৌধুরী, ইসলামি বাণিজ্যিক বীমা পিএলসির প্রধান নির্বাহী কর্মকর্তা কাজী মোকাররম দস্তগীর, নামকো গ্রুপ অব কোম্পানির চেয়ারম্যান মো. সোহেল রানা, হাসিল ইনভেস্টমেন্ট প্রাইভেট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মো. খলিলুর রহমান, রিম গ্রুপের উপব্যবস্থাপনা পরিচালক মো. ওবায়দুল হক সরকার, আমির গ্রুপের চেয়ারম্যান এএম জিয়াবুল, নওসি ইন্টারন্যাশনাল লিমিটেডের চেয়ারম্যান মো. ফজলে নওয়াজ, মা ইনভেস্টমেন্ট প্রাইভেট লিমিটেডের ম্যানেজিং পার্টনার আলতাফ হোসাইন এবং সেন্ট্রাল পুলিশ হাসপাতালের সিনিয়র কনসালট্যান্ট (ইএনটি) বাসুদেব কুমার সাহা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মালদ্বীপের মৎস্য ও মহাসাগর সম্পদ বিষয়ক প্রতিমন্ত্রী মোহাম্মদ মুখালিব। তিনি বলেন, “বিশ্ব শান্তি ও উন্নয়নের জন্য মানবসম্প্রীতি অপরিহার্য। আন্তর্জাতিক ব্যবসা ও পর্যটন শিল্পের অগ্রগতির জন্য এশিয়ার দেশগুলোর মধ্যে সহজ ভিসা নীতি প্রণয়ন এখন সময়ের দাবি।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মালদ্বীপের অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়ের উপমন্ত্রী আহমেদ সাঈদ মুস্তাফা, নেপালের সাবেক পর্যটন ও সিভিল এভিয়েশন মন্ত্রী আনন্দ প্রসাদ পোখারেল, ক্রীড়া ও বিনোদন মন্ত্রণালয়ের উপমন্ত্রী হুসেইন নিহাদ, এবং ইসলাম বিষয়ক মন্ত্রণালয়ের উপমন্ত্রী আব্দুল জালিল ইসমাইল।

অনুষ্ঠানের সভাপতিত্ব করেন এশিয়ান বিজনেস পার্টনারশিপ সামিটের নির্বাহী পরিচালক গোলাম ফারুক মজনু। তিনি বলেন, “বিশ্ব শান্তি ও উন্নয়নের জন্য মানবসম্প্রীতি অপরিহার্য। আন্তর্জাতিক ব্যবসা ও পর্যটন শিল্পের অগ্রগতির জন্য এশিয়ার দেশগুলোর মধ্যে সহজ ভিসা নীতি প্রণয়ন এখন সময়ের দাবি।”

0 comments

Sort by Oldest



Add a comment...

Facebook Comments Plugin

আরো পড়ুন



লিবিয়া থেকে দেশে ফিরছেন আরও তিন শতাধিক বাংলাদেশি



মালদ্বীপে দেশত্যাগের শঙ্কায় ২৭ হাজারেরও বেশি প্রবাসী



ওমানে নিহত ৮ বাংলাদেশির মরদেহ দেশে আসছে চলতি সপ্তাহেই

ফ্রি ভিসার ফাঁদে মালদ্বীপে কর্মহীন শত শত বাংলাদেশি

জনপ্রিয়



সৌদি আরবে ১২৫ কিলোমিটারজুড়ে সোনার খনির সন্ধান



দাওরা হাদিস সনদধারীদের প্রাথমিকে ধর্মীয় শিক্ষক পদে নিয়োগ দিতে ধর্ম উপদেষ্টার চিঠি



বৃষ্টিভেজা পরিবেশে শহীদ মিনারে সৈয়দ মনজুরুল
ইসলামকে শেষ শ্রদ্ধা

রাজনৈতিক কো-ব্র্যান্ডিং ও ঘৃণার রাজনীতি:
বাংলাদেশী জাতীয়তাবাদের মর্যাদাহানীর কৌশল



বাটার প্রথম নারী ও বাংলাদেশি এমডি ফারিয়া
ইয়াসমিন



হজ নিবন্ধনের শেষ দিন রবিবার, এখনো কোটা পূরণ
হয়নি ১৫ শতাংশও

সর্বশেষ

জনপ্রিয়



তিন গোয়েন্দা ও একজন রকিব হাসান



এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বাড়ি ভাড়া ৫ শতাংশ দিতে চায় সরকার, শিক্ষকদের না



ডেঙ্গুতে একজনের মৃত্যু, হাসপাতালে ৭৫৫



রাকসু নির্বাচন: ভোট গ্রহণ শেষ, চলছে গণনার প্রস্তুতি



এনসিপির সিদ্ধান্তকে দুঃখজনক বললেন আলী রীয়াজ

এই বিভাগের সবচেয়ে জনপ্রিয়

১ ইহুদী ধর্ম গ্রহণ করে ইসরায়েলে বাংলাদেশি তরুণ!

২ তেহরানে ঝুঁকিতে বাংলাদেশ দূতাবাস

- ৩ ইতালিতে খুন হওয়া সাগরের বাড়িতে শোকের মাতম
- ৪ কুয়েত প্রবাসীদের জন্য নতুন নির্দেশনা
- ৫ দক্ষিণ আফ্রিকায় সন্ত্রাসীর গুলিতে দুই বাংলাদেশি নিহত



সম্পাদক
পলাশ মাহুব

লেভেল- ১০, ১৬৩, সোনারগাঁও রোড, ঢাকা- ১২০৫

ফোন: +৮৮ ০১৮৩৬৮৩২১৯৩

ইমেইল: banglatelegraph@gmail.com

আমাদের সম্পর্কে | প্রাইভেসি পলিসি | যোগাযোগ

সামাজিক যোগাযোগ মাধ্যমে আমরা



স্বত্ব © বাংলা টেলিগ্রাফ ২০১২-২০২৫